



## ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়  
জনতথ্য বিভাগ



শেখ হাসিনার মুদ্রিত  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/৬৮৭

তারিখ: ২৭/০৭/২০২০

বার্তা সম্পাদক  
দৈনিক আমাদের সময়  
ঢাকা।

**বিষয়: প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে ঢাকা ওয়াসার প্রতিবাদ।**

২৬ জুলাই, ২০২০ তারিখে আপনাদের "দৈনিক আমাদের সময়" পত্রিকায় "ওয়াসার কথা বেশি কাজ কম" শিরোনামে প্রকাশিত সংবাদটি ঢাকা ওয়াসার দৃষ্টি গোচর হয়েছে।

এ বিষয়ে ঢাকা ওয়াসার বক্তব্য নিম্নরূপ:

শিরোনামসহ প্রতিবেদনটি সঠিক নয়। 'ওয়াসার কথা বেশি কাজ কম'-প্রতিবেদনের এমন শিরোনাম নয় বরং ওয়াসার কাজ বেশি কথা কম-এটাই যথাযথ এবং সঠিক। প্রতিবেদকের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা একটি সেবা সংস্থা। বছরের ২৪/৭ সেবা দিয়ে থাকে ঢাকা ওয়াসা। ঢাকা শহরে পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশনের মত অতি জরুরী কাজের দায়িত্ব ঢাকা ওয়াসার। জলাবদ্ধতা নিয়ে যে কথা বলা হয়েছে তার জবাবে ঢাকা ওয়াসার বক্তব্য হলো, এ কাজ ঢাকা ওয়াসার একার নয়, প্রতিবেদকের লেখার মধ্যেই এর উত্তর রয়েছে। যদিও জলাবদ্ধতা নিরসন ওয়াসার মূল কাজ নয় তবুও ঢাকা ওয়াসা এক্ষেত্রে তার অংশের দায়িত্ব যথাযথভাবে পালন করে যাচ্ছে।

আর ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক সাফল্যের সাথে ওয়াসা পরিচালনা করছেন বলেই সরকার বারবার তাঁর উপর আস্থা রাখতে পারছে। ওয়াসা দেশে, বিদেশে সুনাম অর্জন করেছে। প্রকৃতপক্ষে, "ঘুরে দাঁড়াও ঢাকা ওয়াসা কর্মসূচী" এর আলোকে ঢাকা ওয়াসার বর্তমান এমডি'র নেতৃত্বে মোটা দাগে বেশকিছু সাফল্য অর্জন করেছে, যা দেশে এবং আন্তর্জাতিকভাবেও প্রশংসা কুঁড়িয়েছে। যেমন, রাজস্ব আয় তিনগুণের বেশি বৃদ্ধি পাওয়া, শতভাগ অনলাইন বিলিং সিস্টেম চালুকরণ। রাজধানীর সকল নিম্ন আয়ের বস্তিবাসীদেরকে বৈধ এবং নিরাপদপানি সরবরাহ নেটওয়ার্কের আওতায় আনা, সিস্টেম লস ৪০% থেকে ২০% এর নিচে নামিয়ে আনা বিশেষ করে ডিএমএ (ডিষ্ট্রিক্ট মিটারড এরিয়া) এলাকায় ৫-৭% নামিয়ে আনা বর্তমান প্রশাসনের অন্যতম সাফল্য। এছাড়া ঢাকা ওয়াসা এডিবি কর্তৃক দক্ষিণ এশিয়ার "বেস্ট ওয়াটার ইউটিলিটি" হিসেবে স্বীকৃতি অর্জন করেছে। সেজন্য ঢাকা ওয়াসাকে দক্ষিণ এশিয়ার 'রোল মডেল' হিসেবে বিবেচনা করা হয়।

পরিশেষে, প্রতিবেদনটি সম্পর্কে ঢাকা ওয়াসার প্রতিবাদ বক্তব্যটি আপনাদের "দৈনিক আমাদের সময়" পত্রিকার পরবর্তী সংখ্যায় হুবহু একই কলামে প্রকাশ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হ'ল।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে

  
২৭/৭/২০২০

এ. এম. মোস্তফা তারেক  
উপ প্রধান জনতথ্য কর্মকর্তা  
ঢাকা ওয়াসা।